



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

31 MAY 2024

7:35—7:40 AM IST

নোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ের জন্য প্রচার অভিযান গতকাল বিকেলে সমাপ্ত হয়েছে এবং আগামীকাল ভোট গ্রহণ করা হবে। দেশের ৭ টি রাজ্য ও একটি কেন্দ্র শাসিত অঞ্চলের ৫৭ টি আসনে অন্তিম পর্যায়ে আগামীকাল ভোট গ্রহণ করা হবে। নির্বাচনী প্রচারের আজ শেষ দিনে বিজেপির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঞ্জাবের হশিয়ারপুরে নির্বাচনী প্রচার করেন। পাঞ্জাবে নির্বাচনী প্রচার শেষ করে প্রধানমন্ত্রী তিনিনের সফরসূচী নিয়ে কন্যাকুমারী চলে যান।

রাজ্যের জল সম্পদ মন্ত্রী পীয়ুষ হাজারিকা গতকাল বরাক উপত্যকার বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করেন। শ্রী হাজারিকা শিলচরের শিববারী এলাকা পরিদর্শন করে বন্যায় ক্ষতিগ্রস্ত লোকদের সংগে মত বিনিময় করেন। তিনি করিমগঞ্জ জেলায় লংগাই নদীর জলে প্লাবিত হোয়া হচাগঞ্জ গ্রামে দিয়ে বন্যাক্রান্ত লোকদের খোজ খবর নেন। ঐ অঞ্চলটি পরিদর্শন করে বন্যায় ক্ষতিগ্রস্ত স্থানীয় লোকদের প্রয়োজনীয় সাহায্য তথা সড়ক সুরক্ষার দিকটি সুনিশ্চিত করতে জলসম্পদ বিভাগের আধিকারিকদের নির্দেশ দেন। এছাড়া শ্রী হাজারিকা আগামী ১৫ দিনের মধ্যে বাঁধগুলির সমস্যা সমাধান করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি আহ্বান জানান।

শিলচরের কেন্দ্রীয় জল আয়োগ সুত্রে জানানো হয়েছে যে অন্ধপূর্ণস্থাটে আজ সকাল সাতটা বরাক নদী বিপদসীমার এক মিটার ৭১ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে। এখানে জল গতকাল রাত দুটো থেকে স্থিতাবস্থায় রয়েছে।

করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসীমার এক মিটার ৫৬ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে , এখানে জল কমছে এবং মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসীমার এক মিটার ৪৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল স্থিতাবস্থায় রয়েছে ।

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট রোহন কুমার বা এক বিজ্ঞপ্তিতে শিলচর-কালাইন রোডের সিঙ্গিং জোন এলাকা শিববাড়ী , রায়গড় এবং দাসপাড়া এলাকায় আজ রাত সাতটা থেকে দু-চাকার গাড়ি ছাড়া সকল প্রকার যানবাহন চলাচল নিষিদ্ধ করেছেন । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট রোহন কুমার বা ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করে বলেছেন যে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের জারী করা আবহাওয়ার পূর্বাভাসে কাছাড় জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে । এছাড়া বরাক নদীর জলস্তর ক্রমাগত বৃদ্ধি পাবার ফলে বুঁকিপূর্ণ পয়েন্টগুলিতে বাঁধ ভেঙ্গে যাবার সন্দেহ রয়েছে যার ফলে শিলচর শহর সহ পার্শ্ববর্তী অঞ্চলগুলির বিস্তীর্ণ এলাকা প্রাবিত করতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে । এর পরিপ্রেক্ষিতে জেলা ম্যাজিস্ট্রেটের জারী করা নিষেধাজ্ঞা অনুসারে বেথুকান্দি স্লাইস গেট থেকে ৫০০ মিটার ব্যাসার্ধে এবং বেথুকান্দি বাঁধে ৫ বা ততোধিক ব্যক্তির সমাবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া বেথুকান্দিতে বাঁধের ক্ষতি করার যেকোনো প্রচেষ্টাকে গুরুতর অপরাধ হিসেবে গণ্য করা হবে ও আইন অনুযায়ী কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে বন্যা দুর্গতদের স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । স্বাস্থ্য সেবার যুগ্ম সংগ্রালক জেলার বন্যা দুর্গতদের চিকিৎসার জন্য একদল সরকারী চিকিৎসক ও কর্মচারীদের সমন্বয়ে একটি কন্ট্রল রুম গঠন করেছেন যা ২৪ ঘন্টা পরিষেবা প্রদান করবে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-৯৩৯৪৩৩৯৪০৬ এবং ৯৩৯৪৬১৫৪০১ ।

---

হাইলাকান্দি জেলায় এপর্যন্ত বন্যায় বন্যায় ৩১টি গ্রামের ৩২৫ হেক্টর জমির শাকসবজীর চাষ বন্যার কবলে পড়েছে । এদিকে জেলার জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের পক্ষ থেকে জল পরিশোধক সামগ্রী বিতরণ শুরু হয়েছে । আজ সন্ধ্যা পর্যন্ত জেলায় ১৬শ রাসায়নিক সামগ্রী বন্টন করা হয়েছে । পাশাপাশি পশু চিকিৎসা বিভাগের পক্ষ থেকে দুর্গত গবাদি পশুদের চিকিৎসা অব্যহত রয়েছে ।

জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল রতনপুর প্রথম ও দ্বিতীয় খন্ড এলাকা পরিদর্শন করে বন্যা পরিস্থিতির খোঁজখবর নিয়েছেন।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সুত্রে জানানো হয়েছে যে লামড়ি ডিভিশনের অধীন নিউ হাফলং-চন্দনাথপুর-সেকশনে ঘূর্ণি বাড় পরবর্তী প্রভাবে ফলে আজ ও আগামীকাল ১৫৬১৬ নম্বরের শিলচর-গৌহাটী এবং ১৫৬১৫ নম্বরের গৌহাটী-শিলচর এবং ১৫৬১২ নম্বরের শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ও ১৫৬১১ নম্বরের রঙ্গিয়া-শিলচর এক্সপ্রেস ট্রেন পরিয়েবা বাতিল করা হয়েছে। এদিকে শিলচর -শিয়ালদহ কাঞ্চনজঙ্গ এক্সপ্রেস ট্রেন আজ শিলচর থেকে বাতিল করে লামড়ি থেকে যাত্রা করবে এবং আগরতলা-সেকেন্দ্রাবাদ বিশেষ যাত্রী ট্রেন আজ গৌহাটী থেকে যাত্রা করবে বলে জানানো হয়েছে।

---

ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে গতকাল রাজ্যের জল সম্পদ মন্ত্রী পীয়ুষ হাজারিকার কাছে একটি স্মারক পত্র দিয়ে অবিলম্বে শিলচর শহরের কৃত্রিম বন্যা প্রতিরোধে শহরের রাঙ্গির খাল , সিরগীর খাল , লংগাই খাল এবং বাসি খাল সংস্কার সহ জেলার সব ম্লাইস গেইট গুলি কার্যক্ষম করে তোলার দাবী জানিয়ে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে।

---

## সমাপ্ত